ক্রোড়পত্র 'ঙ'

১। **অসদাচরণ এবং খেলাপি সরবরাহকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও গৃহীত ব্যবস্থা মওকুফকরণ সংশ্লিষ্ট নীতিমালা।** ক্রয় কার্যক্রমে সংশ্লিষ্ট তালিকাভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যর্থতা, চুক্তির শর্ত ভঙ্গ, সংঘটিত অসদাচরণ ও অন্যান্য খেলাপি কার্যক্রমের কারণে সরকারের আর্থিক ক্ষতি/ভাবমূর্তি ক্ষুণ্ণ হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন হয়। ব্যবস্থা গ্রহণের কোন সুনির্দিষ্ট মানদন্ড বিদ্যমান না থাকায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও গৃহীত ব্যবস্থা মওকুফের জন্য নীতিমালা প্রণয়নের লক্ষ্যে একটি অফিসার পর্ষদ গঠন করা হয়। গঠিত পর্ষদের সুপারিশের আলোকে অত্র মহাপরিদপ্তরের তালিকাভুক্ত সরবরাহকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা মওকুফকরণ সংক্রান্ত নীতিমালাটি সংশোধন করত নিম্নোক্তভাবে জারী করা হলো ঃ

| ক্র/ নং | অসদাচরণ ও খেলাপি কার্যক্রমের বিবরণ | গৃহীতব্য ব্যবস্থার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধি কর্তৃক ডিজিডিপি/সার্ভিসেস সদর/ক্রয় কার্যক্রমে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করা হলে (লিখিত অভিযোগের আলোকে)। | সতর্কীকরণ/৬ মাস পর্যন্ত অবরোধ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ২। | কোন সররবাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক ডিজিডিপি'র ক্রয় কার্যক্রম প্রভাবিত করার জন্য বিভিন্ন ব্যক্তি/সংস্থা/কর্তৃপক্ষের মাধ্যমে প্রভাব বিস্তারের চেষ্টা করা হলে। | ৬ মাস পর্যন্ত অবরোধ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৩। | কোন সররবাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক Price Negotiation এর ব্যাপারে ডিজিডিপি'কে না জানিয়ে সরাসরি চাহিদাকারী বা বাহিনী সদরের সাথে যোগাযোগ করত তা নির্ধারণের চেষ্টা করা হলে। | ০৩ (তিন) মাস পর্যন্ত অবরোধ/ দরপত্র বাতিল/উভয়। | মেয়াদী (অস্থায়ী) অবরোধের ক্ষেত্রে মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৪। | একই দরপত্রের অধীনে অংশগ্রহণকারী একটি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক অপর অংশগ্রহণকারী সরবরাহকারী প্রতিষ্ঠানের জমাকৃত দরপত্র বিষয়ে কোন মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে। | ০৩ (তিন) মাস থেকে (এক) বছর পর্যন্ত অবরোধ/আর্নেস্ট মানি নেওয়া হয়ে থাকলে তা বাতিল করত সরকারি কোষাগারে জমাকরণ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৫। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক যথোপযুক্ত কারণ ব্যতিরেকে তালিকাভুক্তি/ দরপত্র/চুক্তিপত্র এর শর্ত ভঙ্গ করা হলে। | সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত অবরোধ এবং চুক্তি বাতিল। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৬। | কোন সররবাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক দরপত্রে অংশগ্রহণ করত নিম্ন দরদাতা বিবেচিত হওয়ার পর যথোপযুক্ত কারণ ব্যতিরেকে চুক্তি স্বাক্ষর করতে অপারগতা প্রকাশ করা হলে। | সতর্কীকরণ/০১ (এক) বছর পর্যন্ত অবরোধ/আর্নেস্ট মানি নেওয়া হয়ে থাকলে তা বাতিল করত সরকারি কোষাগারে জমাকরণ। | মেয়াদী (অস্থায়ী) অবরোধের ক্ষেত্রে মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৭। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক কোন ভুয়া তথ্য উপস্থাপন/কাগজপত্র দাখিলের মাধ্যমে দরপত্রে অংশগ্রহণ করলে অথবা উদ্দেশ্যমূলকভাবে কোন ভুল তথ্য দ্বারা ডিজিডিপি'র ক্রয় কার্যক্রমে বাঁধার সৃষ্টি করা হলে। | ০৩ (তিন) মাস থেকে ০১ (এক) বছর পর্যন্ত অবরোধ/ আর্নেস্ট মানি নেওয়া হয়ে থাকলে তা বাতিল করত সরকারি কোষাগারে জমাকরণ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৮। | কোন সররবাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক কোন গোপনীয় তথ্যাবলী অনুমতি ব্যতিরেকে জনসমক্ষে/প্রচার মাধ্যমে প্রচার করে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করা হলে। | ০১ (এক) বছর থেকে স্থায়ী অবরোধ। | মেয়াদী (অস্থায়ী) অবরোধের ক্ষেত্রে মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ৯। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক কোন গোপনীয় তথ্যাবলী অনুমতি ব্যতিরেকে জনসমক্ষে প্রচার করা হলে। | ০১ (এক) বছর পর্যন্ত অবরোধ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |



মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

| ক্র/নং | অসদাচরণ ও খেলাপি কার্যক্রমের বিবরণ | গৃহীতব্য ব্যবস্থার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১০। | চুক্তি স্বাক্ষরের পর বৈদেশিক মূল সরবরাহকারী আর্থিকভাবে অক্ষমতা প্রকাশ করলে অন্য কোন বৈদেশিক সরবরাহকারীর মাধ্যমে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহ করার প্রস্তাব করলে যাহার Authenticity এর ব্যাপারে ডিজিডিপি/Services HQ এর গ্রহণযোগ্যতা নেই এবং এ সকল কারণে চুক্তিপত্র বাতিল করা হলে। | সর্বোচ্চ ০১ (এক) বৎসর পর্যন্ত অবরোধ এবং পিজি থাকলে তা নগদায়ন করত সরকারি কোষাগারে জমাকরণ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ১১। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক সরবরাহ তফসিল মোতাবেক যথোপযুক্ত কারণ ব্যতিরেকে চুক্তিকৃত আংশিক মূল্যের পণ্য সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হলে (১০০% এর কম কিন্তু ৭৫% এর অধিক মূল্যের পণ্য সরবরাহ সম্পন্ন করলে)। | পণ্য সরবরাহ করা পর্যন্ত অথবা অসরবরাহকৃত পণ্যের মূল্য পরিশোধ পর্যন্ত অবরোধ/আনুপাতিক পিজি কর্তন/উভয়। | |
| ১২। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক সরবরাহ তফসিল মোতাবেক যথোপযুক্ত কারণ ব্যতিরেকে চুক্তিকৃত বেশিরভাগ মূল্যের পণ্য সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হলে (২৫% বা ২৫% এর কম মূল্যের পণ্য সরবরাহ করলে)। | পণ্য সরবরাহ করা পর্যন্ত অথবা অসরবরাহকৃত পণ্যের মূল্য পরিশোধ পর্যন্ত অবরোধ/সম্পূর্ণ পিজি কর্তন/উভয়। | মেয়াদী (অস্থায়ী) অবরোধের ক্ষেত্রে মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ১৩। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক সরবরাহ তফসিল মোতাবেক যথোপযুক্ত কারণ ব্যতিরেকে চুক্তিকৃত সম্পূর্ণ মূল্যের পণ্য (১০০%) সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হলে। | সর্বোচ্চ ০৩ (তিন) বছর পর্যন্ত অবরোধ/সম্পূর্ণ পিজি কর্তন/উভয়। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ১৪। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয়ের বিরুদ্ধে DR উত্থাপিত হলে। | DR উত্থাপনের তারিখের ছয় মাস পর থেকে DR পণ্য সরবরাহ/ DR পণ্যের মূল্য আনুপাতিক হারে পিজি কর্তন পর্যন্ত অবরোধ। | বৈদেশিক সরবরাহকারী স্থানীয় প্রতিনিধি পরিবর্তন করলে বর্তমান (নতুন) স্থানীয় প্রতিনিধি অতীতের DR/UR এর জন্য দায়ী থাকবেন। |
| ১৫। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয়ের বিরুদ্ধে UR উত্থাপিত হলে। | UR উত্থাপনের তারিখের ০১ (এক) বছর পর থেকে UR পণ্য সরবরাহ/ UR পণ্যের মূল্য আনুপাতিক হারে পিজি কর্তন পর্যন্ত অবরোধ। | |
| ১৬। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক চুক্তি স্বাক্ষরের পর চুক্তির বিনির্দেশের বিভিন্ন Terms/condition যেমনঃ Country of Origin, Port of Shipment, Change of Principal and Specification) পরিবর্তনের জন্য আবেদন করলে যদি তা পরিবর্তন করা সম্ভব না হয় এবং এর ফলে চুক্তিপত্র বাতিল করা হলে। | সর্বোচ্চ ০৩ (তিন) বছর পর্যন্ত অবরোধ, আর্নেস্ট মানি ও পিজি থাকলে তা নগদায়ন করত সরকারি কোষাগারে জমাকরণ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ১৭। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় সরবরাহ তফসিল মোতাবেক চুক্তিকৃত পণ্যের সম্পূর্ণ বা অংশ বিশেষ যথোপযুক্ত কারণ ব্যতিরেকে সরবরাহে ব্যর্থ হলে এবং এর ফলে সংশ্লিষ্ট মূল ইকুইপমেন্ট ব্যবহার অনুপযোগী/চাহিদাকারীর অপারেশনাল কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হলে অথবা অপূরণীয় ক্ষতি সাধিত হলে। | সর্বোচ্চ ০৩ (তিন) বছর পর্যন্ত অবরোধ এবং সম্পূর্ণ পিজি কর্তন। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ১৮। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক ক্রয় প্রক্রিয়া বা চুক্তির বাস্তবায়ন প্রভাবিত করার জন্য অবৈধ আর্থিক লেনদেন সংঘটিত করলে। | ন্যূনতম স্থায়ী অবরোধ/ সর্বোচ্চ তালিকাভুক্তি বাতিল। | - |



মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

| ক্র/নং | অসদাচরণ ও খেলাপি কার্যক্রমের বিবরণ | গৃহীতব্য ব্যবস্থার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১৯। | ডিজিডিপি'কে দরপত্রের প্রকৃত প্রতিযোগিতার সুবিধা থেকে বঞ্চিত করার জন্য দুই বা ততোধিক সরবরাহকারী প্রতিষ্ঠান যোগসাজসে মূল্য বৃদ্ধি করলে। | ০৩ (তিন) বছর থেকে স্থায়ী অবরোধ। | মেয়াদী (অস্থায়ী) অবরোধের ক্ষেত্রে মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ২০। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক চুক্তি স্বাক্ষর ও বাস্তবায়নের পরবর্তী কার্যক্রমের ক্ষেত্রে প্রতারণা বা জালিয়াতির মাধ্যমে কোন তথ্য উপস্থাপন বা গোপন করলে বা ভুয়া কাগজপত্র দাখিল করা হলে। | স্থায়ী অবরোধ এবং সম্পূর্ণ পিজি কর্তন (যদি থাকে)/ তালিকাভুক্তি বাতিল এবং সম্পূর্ণ পিজি কর্তন (যদি থাকে)। | - |
| ২১। | অন্যান্য কারণ/কারণ সমূহ যা ডিজিডিপি কর্তৃক ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত বলে বিবেচনা করা হবে। | সর্বোচ্চ স্থায়ী অবরোধ/ তালিকাভুক্তি বাতিল। | - |
| ২২। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয়ের বিরুদ্ধে গুরুতর কোন অভিযোগ/জালিয়াতি /অন্যান্য কারণ যা ডিজিডিপি কর্তৃক ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত মনে হবে। | একই সাথে তালিকাভুক্তি বাতিল এবং পিএনজিকরণ/ স্থায়ী অবরোধ এবং পিএনজিকরণ। | এরূপ ক্ষেত্রে ডিজিডিপি'তে পুনঃ তালিকাভুক্তির কোন সুযোগ নেই। |
| ২৩। | বৈদেশিক মুদ্রার দরপত্রে প্রিন্সিপাল পিজি প্রদান না করলে ও চুক্তি সম্পাদনে অসম্মতি প্রদান করলে। | প্রিন্সিপালের জন্য ন্যূনতম ০১ থেকে ০৩ বছরের অবরোধ এবং স্থানীয় প্রতিষ্ঠানের ০৩ থেকে ০৬ মাসের অবরোধ। | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |
| ২৪। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক পিজি প্রদান ব্যতীত চুক্তি স্বাক্ষর করা হবে না। বিশেষ পরিস্থিতিতে পিজি গ্রহণ ব্যতিরেকে অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষর করা যেতে পারে। তবে, অঙ্গীকারনামায় উল্লেখিত সময়ের মধ্যে সরবরাহকারী কর্তৃক পিজি প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহকারী পিজি প্রদানে ব্যর্থ হলে। | স্থায়ী অবরোধ/তালিকাভুক্তি বাতিল এবং অন্য কোন চুক্তি চলমান থাকলে তার ২০% পেমেন্ট বন্ধ রাখা। | - |
| ২৫। | কোন সরবরাহকারী/প্রতিষ্ঠান/উভয় কর্তৃক দরপত্র খোলার তারিখ বর্ধিত করার আবেদনের প্রেক্ষিতে ডিজিডিপি কর্তৃক দরপত্র খোলার তারিখ বর্ধিত করার পর উক্ত সরবরাহকারী কর্তৃক দরপত্রে অংশগ্রহণ করা না হলে। | সর্বোচ্চ ০৬ মাস পর্যন্ত অবরোধ | অবরোধের মেয়াদ পূর্তি সাপেক্ষে আরোপিত অবরোধ Automatically প্রত্যাহার হয়ে গেছে হিসেবে গণ্য হবে। |

**নোটঃ**

১। **গৃহীত ব্যবস্থা/অবরোধ প্রত্যাহার এর ক্ষেত্রে বিবেচনার বিষয়সমূহ**। যে সকল কারণ বিবেচনায় ব্যবস্থা গ্রহণ/অবরোধ আরোপ করা হয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যদি উল্লিখিত কারণ নিষ্পত্তিতে সমর্থ হয়, আর্থিক ক্ষতি নিষ্পত্তি করে কিংবা নিজ/প্রতিষ্ঠানের কর্মকান্ড সম্পর্কে যথাযথ যুক্তি উপস্থাপন পূর্বক অবরোধ/গৃহীত ব্যবস্থা প্রত্যাহারের জন্য ক্ষমা প্রার্থনা করত অবরোধ প্রত্যাহারের জন্য আবেদন করে সেক্ষেত্রে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

ক। তালিকাভুক্তি বাতিল/স্থায়ী অবরোধ আরোপ ও আইনি ব্যবস্থা গ্রহণ সংশ্লিষ্ট ব্যবস্থার ক্ষেত্রে সরকারি দায়/দেনা পরিশোধিত হলে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আরোপিত ব্যবস্থা প্রত্যাহার করা যেতে পারে। তবে তালিকাভুক্তি বাতিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকাভুক্তি পুনঃবহালের সুযোগ নেই। এক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠান নতুনভাবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবে।

খ। ব্যবস্থা গ্রহণ/স্থায়ী অবরোধ আরোপের ক্ষেত্রে সরকারি দায়/দেনা পরিশোধিত হলে, যে কারণে অবরোধ আরোপ করা হয়েছিল তা যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সন্তোষজনকভাবে নিষ্পত্তি করতে সমর্থ হয় কিংবা সার্ভিস সদর দপ্তর যদি অবরোধ প্রত্যাহার করণের কোন লিখিত সুপারিশ করে এবং উক্ত প্রতিষ্ঠান যদি কৃত কর্মকান্ডের জন্য ক্ষমা প্রার্থনা করে সেক্ষেত্রে উল্লেখিত আবেদন যদি সংশ্লিষ্ট শাখা তথা ডিজি মহোদয় কর্তৃক বিবেচিত হয় তাহলে স্থায়ী অবরোধ প্রত্যাহার করা যেতে পারে।

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

গ। ব্যবস্থা গ্রহণ/মেয়াদী অবরোধের ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠান যদি অবরোধকালীন সময়ের মধ্যে সরকারী দায়-দেনা নিষ্পত্তিপূর্বক ডিজি মহোদয় বরাবর আবেদন করে থাকে এবং উক্ত আবেদন যদি সংশ্লিষ্ট শাখা তথা ডিজি মহোদয় কর্তৃক বিবেচিত হয় তাহলে অবরোধ প্রত্যাহার করা যেতে পারে।

ঘ। যে কোন সরবরাহকারী প্রতিষ্ঠান অবরোধ আরোপের পর আরোপিত সময়ের ন্যূনতম ৫০% সময় অতিবাহিত হওয়ার পর অবরোধ প্রত্যাহারের জন্য ডিজি মহোদয় বরাবরে আবেদন করতে পারবে। তবে সেক্ষেত্রে দায়-দেনার নিষ্পত্তির অগ্রগতির সামগ্রিক বর্ণনা উপস্থাপন করতে হবে। তাছাড়া সার্ভিসেস সদর দপ্তর যদি লিখিতভাবে গৃহীত ব্যবস্থা প্রত্যাহারের জন্য সুপারিশ করে থাকে সেক্ষেত্রেও অবরোধ প্রত্যাহারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

২। **ব্যবস্থা গ্রহণ/অবরোধ আরোপের পদ্ধতি।** নিম্নের ফ্লো-চার্ট অনুযায়ী সরবরাহকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ/অবরোধ আরোপের পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ

সংশ্লিষ্ট ক্রয় শাখার এডিপি → রেজিস্ট্রেশন শাখা → এডিপি → ডিডিপি → ডিপি → লিগ্যাল অফিসার → এফসিডিপি (যদি আর্থিক সংশ্লেষ থাকে)→ ডিডিজি → ডিজি। ডিজি'র সিদ্ধান্ত গ্রহণের পর উক্ত নথিটি ডিপি হয়ে সংশ্লিষ্ট ক্রয় শাখার এডিপি'র নিকট প্রেরিত হবে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিজি'র অনুমোদন সংশ্লিষ্ট নথিটির ফটোকপি এলএম এর মাধ্যমে সংশ্লিষ্ট ক্রয় শাখা কর্তৃক রেজিস্ট্রেশন শাখায় প্রেরিত হবে। রজিস্ট্রেশন শাখা কর্তৃক (উপ-পরিচালক, সিভিল) অবরোধ আরোপের পত্রটি এডি (প্রশাসন) হয়ে ডিজি'র অনুমোদনের জন্য উপস্থাপিত হবে। ডিজি'র অনুমোদন গৃহীত হওয়ার পর নথিটি এডি (প্রশাসন) হয়ে রেজিস্ট্রেশন শাখায় প্রেরিত হবে। রেজিস্ট্রেশন শাখা কর্তৃক অবরোধ বাস্তবায়ন সংশ্লিষ্ট পত্রটি উপ-পরিচালক, সিভিল এর স্বাক্ষরে জারি করা হবে।

৩। **গৃহীত ব্যবস্থা/অবরোধ প্রত্যাহারের পদ্ধতি**। ব্যবস্থা গ্রহণ/অবরোধ আরোপের ক্ষেত্রে যে ফ্লো-চার্ট অনুসরণ করা হবে একই ফ্লো-চার্ট গৃহীত ব্যবস্থা প্রত্যাহারের ক্ষেত্রেও অনুসরণ করতে হবে। তবে যদি একই সময়ে একটি ফার্মের বিরুদ্ধে একাধিক ক্রয় শাখা হতে গৃহীত ব্যবস্থা/অবরোধ প্রত্যাহারের বিষয়টি জড়িত থাকে সেক্ষেত্রে রেজিস্ট্রেশন শাখার সার্বিক তত্ত্বাবধানে উক্ত শাখা কর্তৃক নোটশীত সূচিত হবে। উক্ত শাখা কর্তৃক নোটশীট উপস্থাপনের পর সংশ্লিষ্ট ডিপি'গণের নিকট তাদের মতামত গ্রহণের জন্য উপস্থাপন করবে। সংশ্লিষ্ট ডিপি'গণ/উইং সমূহ তাদের মতামত প্রদানপূর্বক উক্ত নোটশীট রেজিস্ট্রেশন শাখায় ফেরত পাঠাবেন। রেজিস্ট্রেশন শাখা উক্ত নোটশীটের উপর আইনি মতামতের জন্য লিগ্যাল অফিসারের নিকট উপস্থাপন করবে। লিগ্যাল অফিসার তার মতামত প্রদানপূর্বক নথিটি পুনরায় রেজিস্ট্রেশন শাখায় ফেরত পাঠাবেন। রেজিস্ট্রেশন শাখা আর্থিক পরামর্শের জন্য (যদি আর্থিক সংশ্লেষ থাকে) এফসিডিপি'তে প্রেরণ করবে অথবা এডি (প্রশাসন) এর মাধ্যমে ডিজি'র সিদ্ধান্তের জন্য উপস্থাপন করবে। ডিজি'র সিদ্ধান্ত/অনুমোদন গ্রহণ সাপেক্ষে রেজিস্ট্রেশন শাখা অবরোধ প্রত্যাহার সংক্রান্ত খসড়া পত্র এডি (প্রশাসন) হয়ে ডিজি'র নিকট উপস্থাপন করবে। খসড়া পত্রটিতে ডিজি মহোদয়ের অনুমোদন গৃহীত হলে অবরোধ প্রত্যাহার সংশ্লিষ্ট পত্র রেজিস্ট্রেশন শাখা কর্তৃক উপ-পরিচালক, সিভিল এর স্বাক্ষরে জারী করা হবে এবং সংশ্লিষ্ট সকল উইং/শাখাকে এল এম এর মাধ্যমে গৃহীত ব্যবস্থা সর্ম্পকে অবহিত করবে।

৪। কোন কারণে ডিজিএফআই হতে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র বাতিল করা হলে ডিজিডিপি কর্তৃক পুনঃ তালিকাভুক্তির আবেদনপত্র প্রেরণ করা হবে না অথবা ডিজিডিপি কর্তৃক এ বিষয়ে কোন প্রকার কার্যক্রম গ্রহণ করা হবে না। তবে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ডিজিএফআই এর নিকট আবেদনের মাধ্যমে অথবা ডিজিএফআই কর্তৃক স্বপ্রনোদিতভাবে নিরাপত্তা ছাড়পত্র বাতিলের পত্র প্রত্যাহার পূর্বক নিরাপত্তা ছাড়পত্র পুনর্বহাল করা হলে ডিজি, ডিজিডিপি এর অনুমোদন সাপেক্ষে সরবরাহকারী কর্তৃক ডিজিডিপি হতে ০৩ সেট তালিকাভুক্তির ফরম সংগ্রহ পূর্বক তা যথাযথভাবে পূরণ করে অত্র মহাপরিদপ্তরে জমা করতে হবে। পূরণকৃত ০৩ সেট ফর্ম প্রাপ্তি সাপেক্ষে ডিজি, ডিজিডিপি কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে তালিকাভুক্তির পত্র পুনরায় ইস্যু করা হবে, এক্ষেত্রে তার রেজিস্ট্রেশন নম্বর পরিবর্তন হবে না।

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

৫। ডিজিডিপি হতে প্রেরিত চাহিদার প্রেক্ষিতে ডিজিএফআই হতে নিরাপত্তা ছাড়পত্র বাতিল করা হলে, এর প্রেক্ষিতে সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হয়ে থাকে। এরূপ ক্ষেত্রে সরবরাহকারীর আবেদন এবং ডিজিডিপি'র অভিপ্রায় অনুযায়ী ডিজিডিপি কর্তৃক সরবরাহকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র বাতিলের পত্রটি প্রত্যাহার করত ডিজিডিপি'তে পুনঃ তালিকাভুক্তির সুযোগ প্রদানের জন্য ডিজিএফআই এর নিকট পত্র প্রেরণ করতে হবে। ডিজিএফআই হতে নিরাপত্তা ছাড়পত্র বাতিলের পত্রটি প্রত্যাহার করা হলে পুনঃ তালিকাভুক্তির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

৬। কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে একই সাথে একাধিক ব্যবস্থা (একই মেয়াদী অথবা ভিন্ন ভিন্ন মেয়াদী অস্থায়ী অবরোধ) গ্রহণ করা হলে আরোপিত ব্যবস্থাসমূহ একই সাথে চলমান থাকবে নাকি একটির গৃহীত ব্যবস্থার মেয়াদ শেষ হলে অন্যটি শুরু হবে এ বিষয়টি নোটশীট এ উপস্থাপন করতে হবে।

৭। স্থায়ী/অস্থায়ী/তালকাভুক্তি বাতিল বিষয়ক নোটশীট প্রস্তুত করণের সময় অবরোধের প্রকার/ ময়াদের ব্যবস্থা কার্যকরের তারিখ নোটশীটের আলাাদা অনুচ্ছেদে উল্লেখ করতে হবে। নোটশীটে উল্লিখিত ব্যবস্থা কার্যকরের তারিখের স্থানটি ফাঁকা রাখতে হবে যা ডিজি কর্তৃক পূরণ করা হবে।

৮। ডিজিডিপি'র কোন নির্দিষ্ট শাখা/উইং হতে কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবরোধ/ যকোন প্রকার ব্যবস্থা গ্রহণ করা হলে তা সকল উইং সমূহে সমানভাবে কার্যকর হবে।

৯। কোন সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক তার উপরে একাধিক অস্থায়ী অবরোধ আরোপ থাকা সত্ত্বেও যদি অনিষ্পন্ন বিষয়াদি নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পন্ন করতে ব্যর্থ হয় তাহলে সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে স্থায়ী অবরোধ আরোপ এবং সম্পূর্ণ পিজি কর্তন (যদি থাকে)/তালিকাভুক্তি বাতিল এবং সম্পূর্ণ পিজি কর্তন (যদি থাকে) করা হবে। অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি সাপেক্ষে অবরোধ প্রত্যাহারের আবেদন করলে সংশ্লিষ্ট ক্রয় শাখার সুপারিশের আলোকে অবরোধ প্রত্যাহারের প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হবে। তবে পুনঃ তালিকাভুক্ত হতে হলে সম্পূর্ণ নতুনভাবে প্রচলিত নীতিমালা অনুযায়ী তালিকাভুক্তির আবেদন করতে হবে।

১০। বাহিনী সদর ও আন্তঃবাহিনীর সদর দপ্তরসহ সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে গুরুতর অনিয়মের কারণে/অপেক্ষাকৃত কম গুরুতর অনিয়মের কারণে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করলে ডিজিডিপির প্রচলিত নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট অনিয়মের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। যদি সরবরাহকারী সংস্থার বিরুদ্ধে অস্থায়ী অবরোধ/স্থায়ী অবরোধ/তালিকাভুক্তি বাতিল করা হয় তাহলে নিম্নলিখিত সুপারিশ সমূহ নোটশীটে বিস্তারিত উল্লেখপূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। নোটশীটে মহাপরিচালকের অনুমোদনের পর প্রশাসনিক শাখা হতে সরবরাহকারী প্রতিষ্ঠানকে নোটশীটে উল্লিখিত ব্যবস্থা ও সুপারিশসমূহ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। উক্ত পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকল সদর দপ্তর/সংস্থাকে প্রদান করতে হবে।

ক। <u>অস্থায়ী অবরোধের জন্য প্রযোজ্য</u>। অবরোধকৃত সময়ের মধ্যে সরবরাহকারী টেন্ডার সিডিউল ক্রয় ও পূর্বে ক্রয়কৃত সিডিউলের ভিত্তিতে কোন অফার প্রদান করতে পারবে না। যে সকল টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে তার উপরও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে না অর্থাৎ তা বাতিল বলে গণ্য হবে। তবে যে সকল চুক্তি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে কিন্তু তার পণ্য সরবরাহ শেষ হয়নি অথবা কোন কারণে তা নিষ্পত্তি হয়নি তা চালিয়ে যেতে পারবেন।

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

খ। **স্থায়ী অবরোধের জন্য প্রযোজ্য**।

(১) স্থায়ী অবরোধ আরোপের কারণে সরবরাহকারী টেন্ডার সিডিউল ক্রয় ও পূর্বে ক্রয়কৃত সিডিউলের ভিত্তিতে কোন অফার প্রদান করতে পারবে না। যে সকল টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে তার উপর কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে না অর্থাৎ তা বাতিল বলে গণ্য হবে। তবে যে সকল চুক্তি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে কিন্তু তার পণ্য সরবরাহ শেষ হয়নি অথবা কোন কারণে তা নিষ্পত্তি হয়নি তা চালিয়ে যেতে পারবেন।

(২) স্থায়ী অবরোধ আরোপকৃত প্রতিষ্ঠানের মালিক এবং প্রতিনিধি অন্য কোন নামে নতুন প্রতিষ্ঠান চালু করে অথবা অন্য কোন সরবরাহকারীর মাধ্যমে, অংশীদারিত্বের ভিত্তিতে অথবা স্থানীয় সরবরাহকারী, প্রিন্সিপাল, প্রস্তুতকারক, পরামর্শ সংস্থা, ডিজাইনার বা অন্য কোন ব্যবসায়িক সত্তা হিসেবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে টেন্ডার সিডিউল ক্রয়, অফার প্রদান, পত্রালাপ অথবা অন্য কোন ব্যবসায়িক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারবে না। উল্লিখিত ব্যত্যয়ের জন্য অবরোধ আরোপিত ব্যক্তি/প্রতিষ্ঠান নতুন যে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হবেন/থাকবেন তাদের বিরুদ্ধে তালিকাভুক্তি বাতিলসহ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ। **তালিকাভুক্তি বাতিলের ক্ষেত্রে প্রযোজ্য**।

(১) তালিকাভুক্তি বাতিলের কারণে সরবরাহকারী টেন্ডার সিডিউল ক্রয় ও পূর্বে ক্রয়কৃত সিডিউলের ভিত্তিতে কোন অফার প্রদান করতে পারবে না। যে সকল টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে তার উপর কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে না অর্থাৎ তা বাতিল বলে গণ্য হবে। তবে যে সকল চুক্তি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে কিন্তু তার পণ্য সরবরাহ শেষ হয়নি অথবা কোন কারণে তা নিষ্পত্তি হয়নি তা চালিয়ে যেতে পারবেন।

(২) তালিকাভুক্তি বাতিলকৃত প্রতিষ্ঠানের মালিক এবং প্রতিনিধি অন্যকোন নামে নতুন প্রতিষ্ঠান চালু করে অথবা অন্যকোন সরবরাহকারীর মাধ্যমে, অংশীদারিত্বের ভিত্তিতে অথবা স্থানীয় সরবরাহকারী, প্রিন্সিপাল, প্রস্তুতকারক, পরামর্শ সংস্থা, ডিজাইনার বা অন্য কোন ব্যবসায়িক সত্তা হিসেবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে টেন্ডার সিডিউল ক্রয়, অফার প্রদান, পত্রালাপ অথবা অন্য কোন ব্যবসায়িক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারবে না। উল্লিখিত ব্যত্যয়ের জন্য অবরোধ আরোপিত ব্যক্তি/প্রতিষ্ঠান, নতুন যে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হবেন/থাকবেন তাদের বিরুদ্ধে তালিকাভুক্তি বাতিলসহ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। **অন্যান্য বিষয়**। যে সকল বিষয় উপরে প্রতিফলিত হয় নাই অথচ বাস্তব ক্ষেত্রে যদি কোন ভিন্নরূপ ঘটনা/পরিস্থিতির সৃষ্টি হয় সে সকল ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ ও গৃহীত ব্যবস্থা প্রত্যাহারের কার্যক্রম ডিজি'র নির্দেশ/অনুমোদনের আলোকে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

Mostakim

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর